

Virtual interaction between Minister of State for External Affairs & Dr. LemogangKwape, Minister of International Affairs and Cooperation, Botswana (June 17, 2021)

June 17, 2021

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী এবং বৎসোয়ানার আন্তর্জাতিক বিষয়ক এবং সহযোগিতা মন্ত্রকের মন্ত্রী ডঃ লেমোগ্যাং কোয়াম্পের মধ্যে ভারচুয়াল আলাপ আলোচনা, (জুন ১৭, ২০২১)

জুন ১৭, ২০২১

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী শ্রী মুরলিধরন আজ বৎসোয়ানার আন্তর্জাতিক বিষয়ক এবং সহযোগিতা মন্ত্রকের মন্ত্রী মাননীয় ডঃ লেমোগ্যাং কোয়াম্পের সাথে ভারচুয়াল মিটিং করেছেন। রাষ্ট্রমন্ত্রী সাগ্রহে ২০১৮-র নভেম্বরে তার বৎসোয়ানা সফরের কথা স্মরণ করেছেন।

দুই মন্ত্রী তাদের আলোচনায়, ভারত-বৎসোয়ানা সম্পর্কের পারস্পরিক-লাভজনক সকল দিকগুলি, বিশেষত স্বাস্থ্য, শিক্ষা এবং প্রতিরক্ষা ক্ষেত্রগুলি নিয়ে আলোচনা করেছেন। প্রতিবছর বৎসোয়ানার যুব সমাজকে ভারত যোগ্যতা বিকাশের ব্যবস্থার যে সুযোগ তৈরি করে দেয় তার জন্য মাননীয় মন্ত্রী কোয়াম্পে তার সরকারের তরফ থেকে প্রশংসা ব্যক্ত করেছেন এবং ই-বিদ্যাভারতী এবং ই-আরোগ্য ভারতী প্রোগ্রাম প্রদত্ত দূরশিক্ষা এবং দূরচিকিৎসার সুযোগ গ্রহণের প্রতি তার আগ্রহ ব্যক্ত করেছেন।

উভয় মন্ত্রী পারস্পরিকভাবে বাণিজ্য এবং অন্যান্য প্রতিনিধিদের আদানপ্রদান এবং অতি শীঘ্র উচ্চপর্যায়ের সফর শুরু করার বিষয়ে সহমত প্রকাশ করেছেন।

জুন ১৭, ২০২১

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.